গাংনীতে সিএনজিতে মিললো ফেনসিডিল, আটক এক যুবক

সিএনজি তল্লাশি করে ৭৫ বোতল ফেনসিডিলসহ মাদক কারবারী রতন আলী
(২২) কে আটক করে বামন্দী পুলিশ ফাঁড়ির সদস্যরা।
মাদক কারবারী রতন আলী গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আলমপুর বাজার এলাকার বাবুল হোসেনের ছেলে।

শুক্রবার (২২ জুলাই) সকালে এ উপজেলার রামনগর গ্রামে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিলসহ আটক করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, বামন্দি পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই মনজুরুল কবিরের নেতৃত্বে এএসআই শেখ মোঃ বিপ্লব হোসেন ও সঙ্গীয় ফোর্সসহ রামনগর বাজারে একটি সিএনজিকে গতি রোধ করে তল্লাশি চালাই। পরে সিএনজির মধ্যে থাকা রতন আলীকে ৭৫ বোতল ফেনসিডিলসহ আটক করেন। এসময় মাদক বহনে ব্যবহৃত সিএনজিটি জব্দ করা হয়।

তিনি আরো জানান, রতনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। শনিবার সকালে আদালতোর মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

গাংনীতে ছোট ভাইয়ের হাসুয়ার কোপে বড় ভাই রক্তাক্ত

ছোট ভাইয়ের হাসুয়ার কোপে বড় ভাই সিরাজুল ইসলাম (৪৫) রক্তাক্ত জখম হয়েছে। সিরাজুল ইসলাম গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের মোল্লাপাড়া এলকার আব্দুল গনির ছেলে। আজ শুক্রবার (২২ জুলাই) বিকাল ৪ টার সময় এ ঘটনা ঘটে।

আহত সিরাজুল জানান, প্রতিবেশী আহসান আলীর জমির পথ দিয়ে আমি এবং আমার ছোট ভাই ওয়াসিম চলাচল করি।

আজ শুক্রবার বেলা ৪ টার দিকে ওয়াসিম ও তার স্ত্রী তাসলি খাতুন সেই পথ বন্ধ করতে মান গাছ লাগাচ্ছিল।

তাকে নিষেধ করাই হাতে থাকা হাসুয়া দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। এসময় আমার আত্মচিৎকারে স্থানীয়রা ছুটে এসে আমাকে উদ্ধার করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সীমা খাতুন বলেন, তার মাথায় ধারালো অস্ত্রের জখম হয়েছে। তিনটা সেলাই দেওয়া হয়েছে। তবে সে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

এদিকে আহত সিরাজুল ইসলাম বিচারের দাবীতে গাংনী থানায় মামলার যাচ্ছিলেন।

গাংনীতে প্রধানমন্ত্রীর উপহার ঘর পেলেন ৭ জন পরিবার

প্রধানমন্ত্রীর ঘোষণা ‘বাংলাদেশের একজন মানুষও ভূমিহীন গৃহহীন থাকবে না”। বাস্তবায়নের লক্ষ্যে গাংনী উপজেলায় বাস্তবায়নাধীন “আশ্রায়ন প্রকল্প”-২ এর আওতায় গাংনী উপজেলায় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে তৃতীয় পর্যায়ের ২য় ধাপে ২ শতাংশ জমিসহ ৭টি সেমি পাকা বাড়ি ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে হস্তান্তর করা হয়েছে।

বৃহস্পতিবার গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে অনুষ্ঠানিকভাবে ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে হস্তান্তর করা হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে অনুষ্ঠিত ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব আশরাফুজ্জামান ভূঁইয়া।

বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম, উপজেলা কৃষি কর্মকর্তা লাভলী খাতুন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাকসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

গাংনী উপজেলার উপকারভোগীদের ভূমিহীন-গৃহহীন পরিবারের মাঝে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ (জমির দলিল এবং খতিয়ান) তুলে দেওয়া হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, প্রধানমন্ত্রীর ঘোষণার ‘বাংলাদেশের একজন মানুষও ভূমিহীন গৃহহীন থাকবে না “আশ্রায়ন প্রকল্প” প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ধাপের আওতায় গাংনী উপজেলায় ১৬০ জন ভূমিহীন-গ্রহহীনদের মাঝে ঘর ও জমি বরাদ্দ পাওয়া গেছে। এর মধ্যে বৃহস্পতিবার ৭ জনের মাঝে ও এর আগে ১৩২ জনের মাঝেসহ ১১৮ টি বরাদ্দ দেওয়া সম্পন্ন করা হয়েছে। বাকীগুলো নির্মাণাধীন রয়েছে। সেগুলো শেষ হলে এসব ব্যক্তিদের মাঝে বরাদ্দ দেওয়া হবে।

গাংনীতে করোনা ভ্যাকসিনের বুস্টার ডোজ দিবস পালিত

মেহেরপুর গাংনীতে করোনা প্রতিরোধে করোনা ভ্যাকসিনের বুস্টার ডোজ দিবস পালিত হচ্ছে।

বুস্টার ডোজ ডে উপলক্ষে আজ মঙ্গলবার সকাল ৯টা থেকে বুস্টার ডোজ ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হয়। দিবসটি উদযাপন উপলক্ষে গাংনী উপজেলার ৯টি ইউনিয়ন ও গাংনী পৌরসভায় এক যোগে বুস্টার ডোজের ভ্যাকসিন প্রদান শুরু হয়ে চলবে সারাদিন।

গাংনী উপজেলা স্বাস্থ কমপ্লেক্স সুত্রে জানাগেছে, উপজেলার ৯টি ইউনিয়নে একটি করে ক্যাম্প করা হয়েছে। প্রতিটি ক্যাম্পে দুইজন টিকাদান কর্মী ও তিনজন স্বেচ্ছাসেবী কাজ করছেন।

মেডিকেল টেকনোলজি ইপিআই আব্দুর রশিদ জানান, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১৫০০ এবং প্রতিটি ইউনিয়নে ১৫০০ জনকে বুস্টার ডোজ ভ্যাকসিন প্রদান করা হবে। এ কার্যক্রম চলবে সারাদিন। তিনি আরো জানান,সুষ্ঠ ব্যবস্থাপনার মাধ্যমে সরকারি নির্দেশনা মোতাবেক ভ্যাকসিন প্রদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। তবে আজ কোন পরিসংখ্যানের মধ্যে সীমাবদ্ধ নেই। যারা আসবে তারাই বুস্টার ডোজ টিকা গ্রহন কনরতে পারবেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রানী জানান, মানুষ শতষ্ফুর্তভাবে সকাল থেকে বুস্টার ডোজ গ্রহন করতে আসছে। ধৈর্য সহকারে লাইনের মাধ্যমে নারী ও পুরুষ পৃথক পৃথক ভাবে বুস্টার ডোজ টিকা নিতে আসায় স্বাস্থ্য বিভাগের এই উদ্যোগকে অনেকেই সাধুবাদ জানিয়েছেন। গাংনীর সব মানুষ পর্যায়ক্রমে বুস্টার ডোজ গ্রহনের জন্য ক্যম্পে যাওয়ার আহবান জানান এই কর্মকর্তা।

গাংনীতে পিকআপের ধাক্কায় তামাক কোম্পানির কর্মকর্তা নিহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার আকুবপুর নামক স্থানে পিকআপের ধাক্কায় রিপন হোসেন (৩০) নামের এক মোটরসাইকেল আরোহী যুবক নিহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার (১৪ জুলাই) সকাল পৌনে আটটার দিকে এ সড়ক দুর্ঘটনাটি ঘটে।

নিহত রিপন হোসেন গাংনী উপজেলার মাঝের গ্রামের হকাজ্জেল হোসেনের ছেলে। সে জাপান বাংলাদেশ টোব্যাকো কোম্পানির মাঠ কর্মকর্তা হিসেবে কর্মরত আছেন।

স্থানীয়রা জানান, রিপন হোসেন মোটরসাইকেল যোগে আকুবপুর নামক স্থানে পৌছানো মাত্র বিপরীত দিক থেকে আসা একটি মিনি পিকআপের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেলটি দুঁমড়ে মুচঁড়ে যায়। রিপন রাস্তার উপর পড়ে মুখোমন্ডল থেঁতলে ঘটনাস্থলেই নিহত হন।

পরে খবর বামন্দী ফায়ার সার্ভিসের একটি টীম ঘটনাস্থলে পৌছে নিহতের মরদেহ উদ্ধার করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেছেন নিহতের মরদেহ সুরোতহাল রিপোর্ট শেষে উদ্ধার প্রকিৃয়া চলছে।

গাংনীর সাহারবাটিতে কৃষকের চার বিঘা জমির ফসল কেটেছে দুর্বৃত্তরা

পূর্ব শত্রুতার জের ধরে কৃষক মোহন আলী নামের এক কৃষকের চার বিঘা সবজি ক্ষেত কেটে বিনাস করেছে দুর্বৃত্তরা। সবজি ক্ষেতে লাউ ও কুমড়া আবাদ করছিলেন তিনি।

সোমবার দিনগত রাতে মেহেরপুরের গাংনীর সাহারবাটি গ্রামের আটকবর মাঠে এমন অমানবিক ঘটনা ঘটে। এতে অন্ততঃ ১০ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবী করেছেন কৃষক মোহন আলী ।

কৃষক মোহন আলী জানান, প্রতি দিনের মতো তিনি সবজি ক্ষেত পরিচর্যা শেষে সন্ধ্যায় বাড়ি ফেরেন।

আজ মঙ্গলবার সকালে ওই ক্ষেতে গিয়ে দেখেন সমস্ত লাউ ও কুমড়ার ২ হাজার গাছের গোড়া কেটে দিয়েছে দৃর্বৃত্তরা। গাছে যে পরিমান লাউ ও কুমড়া আছে তা এ মুহুর্তে বিক্রি করাও যাচ্ছে না।

একেতো ঈদের সময় অন্যদিকে পরিবহন সমস্যা প্রকট। তিনি আরো জানান, লাউ ও কুমড়ার চারা রোপন থেকে শুরু করে এ পর্যন্ত প্রায় ৫ লাখ টাকা খরচ হয়েছে।

যে মুহুর্তে ফসল বিক্রি করার সময় সেই মুহুর্তে ফসল তছরুপ করায় কৃষক মোহন আলী পথে বসেছে। মহন আলীর আবাদ তছরুপ করাই অন্যান্য কৃষকরাও আতংকিত হয়ে পড়েছেন।

স্থানীয় ইউপি সদস্য আনারুল ইসলাম জানান, আমি মহন আলীর লাউ ও কুড়ার বাগানে গিয়েছেলাম। ৫/৬মাস পরিচর্যার পর যে সময় কৃষক লাউ এবং কুমড়ার বাজারে তুলবে সেই মুহুর্তে বাগানের সব গাছ কেটে দিয়েছে এটি মধ্য যুগীয় বর্বরতা। দোষীদের আইনের আওতায় আনা প্রয়োজন।

সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক জানান, দেশের সব চেয়ে বেশি সবজি উৎপাদনকারি জেলা মেহেরপুর। মেহেরপুরের অন্যান্য এলাকার সবচেয়ে বেশি সবজি উৎপাদন হয় সাহারবাটি মাঠে।

সেই মাঠের কুষের আবাদ কেটে দিয়ে সমগ্র কৃষকের ক্ষতি করেছে। যারা এই অপকর্মের সাথে জড়িত তাদের আইনের আওতায় আনতে ব্যার্থ হলে সবজি উৎপাদনে কৃষকরা নিরুৎসাহিত হবে। ফলে এলকায় সবজি ঘাটতি দেখা দেবে।

সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান জানান, আমি মহন আলির আবাদ কেটে দেয়ার বিষয়টি শুনে জমিতে গিয়েছিলাম।

প্রতিটি ডগাই লাউ ও কুমড়া হয়েছে। এমন ঘটনা ঘটতে থাকলে এবং কৃষক যদি বিচার না পাই তবে অন্যান্য কৃষকরা ফসল নিয়ে আতংকে থাকবে এব্য ফসল উৎপাদনে নিরুৎসাহি হবে।

গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন জানান, এটি শুধুমাত্র কৃষক মহন আলীর একক ক্ষতি নয়। এটি দেশের ক্ষতি। কারন এই ফসল কুষক মহন আলী একা সুবিধা ভোগ করতো না। এহেন কর্মকান্ডের নিন্দা ও দোষীদের আইনের আওতায় আনারও দাবী করনে তিনি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, এবষিয়ে ক্ষতিগ্রস্থ কৃষক থানায় অভিযোগ করলে ক্ষতিগ্রস্থ কৃষককে আইনী সহায়তা প্রদান করা হবে। এবং তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।

পল্লী বিদ্যুত কর্তৃপক্ষের খাম

[redacted]

[redacted] [redacted] [redacted] [

গাংনীর পল্লী কবি খ্যাত ছহির উদ্দীন মারা গেছেন

স্ত্রী মারা যাবার মাত্র এক সপ্তাহ পর মারা গেলেন গাংনীর পল্লী কবি খ্যাত ছহির উদ্দীন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৭ বছর। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শনিবার (২ জুলাই) সকাল সাড়ে ৭ টার দিকে নিজ বাড়িতে মারা যান অবহেলিত এই কবি।

পল্লী কবির মেয়ে ষোলটাকা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী সদস্য খালেদা আক্তার এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি আরও বলেছেন গত সপ্তাহে আমাদের মা টুনুয়ারা খাতুন মারা গেছেন।

পল্লী কবি ছহির উদ্দীন দীর্ঘদিন যাবৎ বার্ধক্যজনিত বিভিন্ন রোগে ভুগছিলেন। স্থানীয়ভাবে তার চিকিৎসা চলছিল।আজ বিকালে তার নামাযে জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দফণ সম্পন্ন হবে বলে পারিবারিকভাবে জানান গেছে।

এই কবিকে ঢাকার একটি কবি সম্মেলনে গিয়ে দেশ বরণ্য কবি ও লেখকরা তাকে পল্লী কবি উপাধি দিয়েছেন।

তার লেখা কাব্যগ্রন্থ “নিঝুম রাতের কান্না” বইটি পাঠক সমাদৃত হয়েছে।এছাড়া অর্থাভাবে বেশ কয়েকটি বই প্রকাশ করতে পারেননি তিনি।◌িএছাড়া তার লেখা অসংখ্য কবিতা, প্রবন্ধ ও উপণ্যাশ রয়েছে।এছাড়া তিনি একজন গীতি কবি হিসেবেও পরিচিত।পল্লী কবির এই মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এলাকার সাংস্কৃতিক ব্যক্তিত্বরা।

গাংনীর হাড়িয়াদহ গ্রামে ৩ টি

গরু চুরি

দুটি গরু হারিয়ে ভ্যান চালক আকছেদ আলী এখন দিশেহারা হয়ে পড়েছেন। অনেক কষ্টে দুটি গরু কিনে প্রায় ১ বছর পালন করে এবারের কুরবানীর ঈদের বাজারে বিক্রি করার কথা তার। গরু দুটি কিনতে বাড়িতে কয়েকজন ব্যাপারিও এসেছিলেন। দামে পড়তা না হওয়ায় স্থানীয় হাটে তোলার কথা ছিল গরু দুটি। তার আগেই চোরের দল ভ্যান চালক আকছেদ আলীর সেই স্বপ্ন ভেঙ্গে দিলো। বৃহস্পতিবার দিবাগত রাতের কোনো এক সময় চোরের দল গোয়াল ঘরের বেড়া কেটে চুরি করে নিয়ে গেছে গরু দুটি। একই সময়ে প্রতিবেশী আব্দুর রশিদেরও একটি গরু চুরি করে নিয়ে গেছে।

আকছেদ আলী জানান, আমি গরীব মানুষ। অনেক কষ্ট করে এনজিও থেকে ঋণ নিয়ে গরু দুটি কিনেছিলাম। এবারের কোরবানীর হাটে বিক্রি করার কথা ছিল। কিন্তু গতরাতে চোরের দল গরু দুটি চুরি করে নিয়ে গেছে। একই পাড়ার আব্দুর রশিদেরও একটি গরু চুরি হয়েছে।

গরু তিনটির আনুমানিক মূল্য প্রায় তিন লাখ টাকা বলে জানান গরুর মালিক আকছেদ আলী ও আব্দুর রশিদ। গরু তিনটি বিভিন্ন স্থানে খোঁজা খুজি করা হচ্ছে বলে জানান গরুর মালিকরা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, গরু চুরির বিষয় এখনও কেও জানায়নি। তবে বিষয়টি এখন আমিও খোঁজ খবর নেবো।

গাংনীতে পৃথক সংঘর্ষে তিনজন আহত

জমি জমা ও পারিবারিক কলহের জের ধরে সৃষ্ট পৃথক সংঘর্ষে ৩ জন আহত হয়েছেন।

আজ শনিবার (১৮ জুন) সকালে ও দুপুরের দিকে গাংনী উপজেলার ধানখোলা ও আযান গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন গাংনী গাংনী উপজেলার ধানখোলা গ্রামের মুছাব উদ্দীনের ছেলে কদম আলী (৫৬), মেছের আলীর ছেলে মোসারফ হোসেন (৪০) ও আযান গ্রামের বাউল শেখের ছেলে মজনু হোসেন (৩৫)।

আহতদের গাংনী উপজেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে।